



“শিল্পে প্রাকৃতিক গ্যাস, গৃহস্থালীতে বিকল্প জ্বালানী”

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়: ১৩৭/এ সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।



বিজ্ঞপ্তি/নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির নিমিত্ত জানানো যাচ্ছে যে, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)-এ ২৭ ক্যাটাগরিতে ১১৮ টি শূণ্য পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে বিগত ০৫.০৮.২০২০ তারিখে জাতীয় বাংলা দৈনিক পত্রিকা যথাক্রমে: “দৈনিক ইত্তেফাক”, “দৈনিক সমকাল” এবং জাতীয় ইংরেজি দৈনিক পত্রিকা “The Daily Observe” এবং বিগত ১৬.০৮.২০২০ তারিখে স্থানীয় বাংলা “দৈনিক পূর্বকোণ” পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী টেলিটকের মাধ্যমে অনলাইনে আবেদনপত্র গ্রহণ ও পরীক্ষার ফি জমাদান ৬.০৮.২০২০ তারিখ সকাল ১০:০০ টা থেকে শুরু হয়ে ০৫.০৯.২০২০ তারিখ বিকাল ৫:০০ টায় সমাপ্ত হয়। আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান নির্ধারণ করা হলে টেলিটক কর্তৃক উপযুক্ত আবেদনকারী প্রার্থীদের মোবাইল নম্বরে SMS প্রদানের মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণের বিষয়টি জানিয়ে দেয়া হবে। এছাড়া, কোম্পানীর ওয়েবসাইটে এবিষয়ে নোটিশ প্রকাশ করা হবে।

সম্প্রতি দৃষ্টিগোচর হয়েছে যে, Karnaphuli Gas Distribution Company Job Circular 2021 নামে BDJobResults.com (ঠিকানা বিহীন) কর্তৃক ওয়েবসাইটে একটি ভূয়া WEB Page তৈরি করে কেজিডিসিএল-এর আগস্ট-২০২০ মাসের নিয়োগ বিজ্ঞপ্তিটি PDF আকারে সংযুক্ত করে Application open: 6 August 2021 এবং Closing date: 5 September 2021, Vacancy:118, Post:27 উল্লেখপূর্বক অসৎ উদ্দেশ্য নিয়ে চাকুরী প্রার্থীদের বিভ্রান্ত করা হচ্ছে। প্রকৃতপক্ষে, এটি কোম্পানী কর্তৃক প্রকাশিত হয়নি এবং চলতি পঞ্জিকাবর্ষে কোন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি। BDJobResults.com এর সাথে কোম্পানীর কোনরূপ সম্পর্ক নেই। সুতরাং, এ বিষয়ে চাকুরী প্রার্থী/আবেদনকারীদের বিভ্রান্ত না হয়ে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

কেজিডিসিএল কর্তৃপক্ষ।